

সমুখেতে বহিছে তটিনী, দুটি তারা আকাশে ফুটিয়া ।
বায়ু বহে পরিমল লুটিয়া
সাঁঝের অধর হতে ম্লান হাসি পড়িছে টুটিয়া ॥
দিবস বিদায় চাহে, যমুনা বিলাপ গাহে—
সায়াহেরি রাঙা পায়ে, কেঁদে কেঁদে পড়িছে লুটিয়া ॥
এসো বঁধু, তোমায় ডাকি— দোঁহে হেথা ব'সে থাকি,
আকাশের পানে চেয়ে জলদের খেলা দেখি,
আঁখি-'পরে তারাগুলি একে একে উঠিবে ফুটিয়া ॥

Parjaay: Prem / Kaal-Mrigaya, Taal: Tritaal, Raag: Mishra-Kafi
Visit www.geetabitan.com for notation and other detail